

নেদারল্যান্ডসে মমতা, আজ শিল্প সম্মেলন



রুপাঞ্জনা দত্ত, ২০ জুন: চারদিনের সফরে নেদারল্যান্ডসে এসে রাজ্যের জন্য শিল্পে বিনিয়োগ টানতে খুবই আশাবাদী মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। সফরের শুরুতেই এদিন রাজ্যের সঙ্গে ফুটবল নিয়ে চুক্তি সম্পাদিত হল। ব্যক্তিগত কারণে রাজ্যের অর্থমন্ত্রী অমিত মিত্র মুখ্যমন্ত্রীর প্রতিনিধিদলের সঙ্গে আসতে পারেননি। বুধবার তিনি এখানে এসে পৌঁছবেন। তাঁর অনুপস্থিতিতে রাজ্যের শিল্পসচিব রাজীব সিনহা জানালেন, রাজ্যের ক্রীড়া দপ্তরের সঙ্গে নেদারল্যান্ডসের ডাচ ফুটবল আকাদেমির চুক্তি হয়েছে। এই চুক্তির ফলে বাংলার প্রতিভাবান তরুণ ফুটবলাররা এখানে এসে প্রশিক্ষণ নিতে পারবেন। ট্রেনিং শেষে তাঁদের সার্টিফিকেট দেওয়া হবে।

বুধবার শিল্প সম্মেলন হবে মুখ্যমন্ত্রী যেখানে উঠেছেন, সেই ম্যারিয়ট হোটেলেই। নেদারল্যান্ডসের বণিকসভা 'ভিএনওএনসিডব্লু' হল ফিকির সমতুল্য। মূল বৈঠকটি হবে এদের সঙ্গেই। চেয়ারম্যান হ্যান্স ডি বোর। নলেজ পার্টনার 'কেপিএমজি'। অ্যাসোসিয়েশনের ইউরোপীয় চ্যাপ্টার (যাদের সদর দপ্তর আমস্টারডামে)-এর প্রতিনিধিরাও এই সম্মেলনে উপস্থিত থাকবেন। গত বছর জার্মানি ও ইতালিতে রাজ্যের তরফে শিল্পপতিদের প্রতিনিধিদল পাঠানো হয়েছিল। তাই সেখানকার প্রতিনিধিদেরও এই শিল্প বৈঠকে উপস্থিত থাকার জন্য আমন্ত্রণ জানানো হয়েছে। উৎপাদন শিল্পের পাশাপাশি চামড়া, টেক্সটাইল, হালকা ইঞ্জিনিয়ারিং, সৌরশক্তি প্রভৃতি ক্ষেত্রে বিনিয়োগ টানতে আগ্রহী রাজ্য। শিলিগুড়িতে বিশাল এলাকা জুড়ে ফুডপার্কের জন্য সহযোগী টানতে উদ্যোগী টিসিএমের চেয়ারম্যান কে কে মিতাল। বিশিষ্ট শিল্পপতি হর্ষ নেওটিয়া, রিলায়েন্সের প্রতিনিধি মনে করেন এই শিল্প সম্মেলনের ফল হবে সুদূর প্রসারি।